# দ্বিতীয় পর্যায়ক্রমিক মূল্যায়ন ২০২৫

শ্রেণি : পঞ্চম | বিষয় : আমাদের পরিবেশ

**পূর্ণমান : ৩০** **সময় : ৬০ মিনিট**

## ১। সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো : ১×৫=৫

**১। বরফগলা জলের নদী হল— (অজয় / ইছামতী / মহানন্দা / দামোদর)।**

উত্তরঃ মহানন্দা।

**১.১ হুগলি জেলার সদর শহরের নাম (ব্যান্ডেল / চুঁচুড়া / কাটোয়া / কৃষ্ণনগর)।**

উত্তরঃ চুঁচুড়া।

**১.২ সিউড়ির বিখ্যাত জিনিস (মোরব্বা / বেনারশী / বালুচরি / ফজলি আম)।**

উত্তরঃ মোরব্বা।

**১.৩ বক্সার বাঘবন আছে (কোচবিহার / মালদা / বীরভূম / জলপাইগুড়ি) জেলায়।**

উত্তরঃ জলপাইগুড়ি।

**১.৪ বঙ্গভঙ্গ আন্দোলন ঘটেছিল (১৯০৫ / ১৯০৬ / ১৯০৭ / ১৯০৮) সালে।**

উত্তরঃ ১৯০৫

**১.৫ মুর্শিদাবাদ থেকে দক্ষিণের অংশটিকে বলা হয় (উত্তরবঙ্গ / দক্ষিণবঙ্গ / পূর্ববঙ্গ / পশ্চিমবঙ্গ)।**

উত্তরঃ দক্ষিণবঙ্গ।

## ২। শূন্যস্থান পূরণ করো : ১×৫=৫

**২.১ ভেড়িতে গলদা ও ......................... থেকেই বাগদা চিংড়ি চাষ হয়।**

উত্তরঃ মীন

**২.২ জলপাইগুড়িতে ......................... বনে একশৃঙ্গ বিশিষ্ট গন্ডার আছে।**

উত্তরঃ জলদাপাড়ায়

**২.৩ গাঙ্গেয় সমভূমির দক্ষিণ অংশটাই বিরাট বন .........................।**

উত্তরঃ সুন্দরবন।

**২.৪ ভারতের সংবিধান বানিয়েছিলেন .........................।**

উত্তরঃ ভীমরাও রামজি আম্বেদকর।

**২.৫ আমের শহর বলা হয় ......................... শহরকে।**

উত্তরঃ মালদা।

**২.৬ ছৌ-নাচের জন্য বিখ্যাত ......................... জেলা।**

উত্তরঃ পুরুলিয়া।

## ৩। সত্য অথবা মিথ্যা লেখো : ১×৫=৫

**(ক) সাদা অর্কিডের শহর হল কার্শিয়াং।**

উত্তরঃ সত্য।

**(খ) তিস্তা, তোর্সা বৃষ্টির জলে পুষ্ট নদী।**

উত্তরঃ মিথ্যা।

**(গ) মানুষের বুদ্ধি হল একটি সম্পদ।**

উত্তরঃ সত্য।

**(ঘ) জগদীশচন্দ্র বসু ছিলেন বিপ্লবী।**

উত্তরঃ মিথ্যা। (বিজ্ঞানী)

**(ঙ) নতুনভাবে তৈরি করা বন নদীয়ার বেথুয়াডহরি।**

উত্তরঃ সত্য।

**(চ) মিহিদানার জন্য বিখ্যাত মুর্শিদাবাদ জেলা।**

উত্তরঃ মিথ্যা। (বর্ধমান)

## ৪। বামস্তম্ভের সঙ্গে ডানস্তম্ভ মিলিয়ে লেখো : ১×৫=৫

| বামস্তম্ভ | ডানস্তম্ভ |
|---|---|
| ৩.১ আজাদ হিন্দ ফৌজ | (ঘ) নেতাজি সুভাষচন্দ্র বসু |
| ৩.২ গান্ধিবুড়ি | (ক) মাতঙ্গিনী হাজরা |
| ৩.৩ বিষ্ণুপুর | (ঙ) টেরাকোটা |
| ৩.৪ প্রধানমন্ত্রী | (খ) জওহরলাল নেহরু |
| ৩.৫ রেলইঞ্জিন | (গ) চিত্তরঞ্জন |

## ৫। নীচের প্রশ্নগুলির উত্তর লেখো (যেকোনো দুটি) : ২×২=৪

**৫.১ শান্তিনিকেতন কোন্ জেলায় অবস্থিত? এই জেলার উপর দিয়ে প্রবাহিত নদীর নাম লেখো।**

উত্তরঃ শান্তিনিকেতন বীরভূম জেলায় অবস্থিত। এই জেলার উপর দিয়ে প্রবাহিত নদী হলো— ময়ূরাক্ষী ও অজয়।

**৫.২ নিত্যবহ নদী কাকে বলে? উদাহরণ দাও।**

উত্তরঃ যে সমস্ত নদী বরফগলা জলে পুষ্ট, সারা বছর নদীতে জল থাকে এবং নৌ-পরিবহনযোগ্য, সেই সমস্ত নদীকে বলা হয় নিত্যবহ নদী। যেমন— গঙ্গা, জলঙ্গি ইত্যাদি।

**৫.৩ ভারতের সবুজ বিপ্লব বলতে কী বোঝো?**

উত্তরঃ সার, কীটনাশক ব্যবহার বাড়ার পাশাপাশি কিছু কিছু অব্যবহৃত জমিও কাজে লাগানো শুরু হলো। এভাবে আমরা মোটামুটিভাবে নিজেদের দরকারমতো খাদ্য নিজেরাই উৎপাদন করে নিতে শিখলাম। এই ঘটনাকে ভারতের সবুজ বিপ্লব বলা হয়।

## ৬। নীচের প্রশ্নের উত্তর লেখো (যেকোনো দুটি) : ৩×২=৬

**৬.১ পশ্চিমের মালভূমি অঞ্চলের মাটি কেমন? এই অঞ্চলে কী কী শাকসবজি চাষ হয়?**

উত্তরঃ পশ্চিমের মালভূমি অঞ্চলের মাটি কাঁকর ও পাথর মেশানো লাল মাটি।

পশ্চিমের মালভূমি অঞ্চলে যে যে শাকসবজি উৎপাদিত হয়, সেগুলি হলো— বরবটি, সিম। এছাড়াও ডালজাতীয় শস্যের মধ্যে মটর, অড়হর, মসুর, বিউলি প্রভৃতি চাষ হয়।

**৬.২ ম্যানগ্রোভ জাতীয় উদ্ভিদ কোথায় দেখা যায়? এই জাতীয় গাছের বৈশিষ্ট্য লেখো ও উদাহরণ দাও।**

উত্তরঃ গাঙ্গেয় সমভূমির দক্ষিণ অংশে উত্তর ২৪ পরগনার কিছু অংশ আর দক্ষিণ ২৪ পরগনার দক্ষিণ-পূর্বের প্রায় পুরো অংশজুড়ে সুন্দরবন রয়েছে, সেখানেই ম্যানগ্রোভ জাতীয় উদ্ভিদ দেখা যায়।

**ম্যানগ্রোভ জাতীয় গাছের বৈশিষ্ট্য :**

- ম্যানগ্রোভ উদ্ভিদের কাণ্ড রসালো প্রকৃতির হয়।
- এই জাতীয় উদ্ভিদের মূলগুলি খুব দীর্ঘ ও প্রসারিত হয়।
- ম্যানগ্রোভ উদ্ভিদের ঠেসমূল ও শ্বাসমূল দেখা যায়।

**উদাহরণ :** সুন্দরী, গরান, গেওয়া, হেতাল, কেওড়া, গোলপাতা, কেয়া, হোগলা প্রভৃতি।

**৬.৩ ডি.ভি.সি পুরো কথাটি কী? ডি.ভি.সি তৈরি করার সময় কী ঠিক করা হয়েছিল?**

উত্তরঃ ডি.ভি.সি (D.V.C)-এর পুরো কথাটি হলো— দামোদর ভ্যালি কর্পোরেশন (Damodar Valley Corporation)।

ডি.ভি.সি তৈরির সময় ঠিক করা হয়েছিল যে, দামোদর নদী দিয়ে গড়িয়ে আসা বর্ষার জল জমিয়ে রাখা হবে। এজন্য পশ্চিমবঙ্গের সীমান্তের কাছে অনেকগুলি জলাধার তৈরি করে সেখানে জল আটকে রাখা হবে। এর ফলে বন্যা হতে পারবে না এবং এই অঞ্চলে সারা বছর চাষের জন্য জল পাওয়া যাবে।

HAZARNOTES.COM